Registrar Office
Jagannath University
Dhaka-1100, Bangladesh
Tel : (+880-2) 9534255
Fax : (+880-2) 47118449
E-mail: registrar@jnu.ac.bd

রেজিস্ট্রার দপ্তর
জগন্নাথ বিশ্ববিদ্যালয়
ঢাকা-১১০০, বাংলাদেশ
ফোন : (৮৮০-২) ৯৫৩৪২৫৫
ফ্যাক্স : (৮৮০-২) ৪৭১১৮৪৪৯
ই-মেইল: registrar@jnu.ac.bd

জবি/প্রশা-৩২(১১৮)/২০১১/১৪৪১

তারিখ: ৩০শে কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ / ১৫ই নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

অফিস স্মারক

বিষয়: **জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সভার ভাতা নীতিমালা-২০২৬ বা Sitting Allowance Policy-2026 অনুমোদন সংক্রান্ত:**

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সভার ভাতা নীতিমালা-২০২৬ বা Sitting Allowance Policy-2026 অনুমোদন বিষয়ে গত ১৭/০৯/২০২৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত অর্থ কমিটির ৮৯-তম সভার নিম্নবর্ণিত সুপারিশ/সিদ্ধান্ত (সিদ্ধান্ত-৮৯.১১) ১৫/১০/২০২৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ১১৩-তম সভায় অনুমোদিত হয়েছে:

"সিদ্ধান্ত- ৮৯.১১: জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সভার ভাতা নীতিমালা-২০২৬ বা Sitting Allowance Policy-2026 অনুমোদনের জন্য অর্থ কমিটির সভায় সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সুপারিশ করা হয়:

সভার ভাতা নীতিমালা-২০২৬
Sitting Allowance Policy-2026

০১। শিরোনাম

(ক) এই নীতিমালা জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কার্যনির্বাহী পরিষদ/পর্ষদ/বোর্ড/উচ্চ কক্ষ/গ্রুপ/কাউন্সিল/স্থায়ী কমিটি/কমিটির **সভার ভাতা নীতিমালা-২০২৬ বা Sitting Allowance Policy-2026** নামে অভিহিত হইবে।

(খ) জগন্নাথ বিশ্ববিদ্যালয় আইন ২০০৫ এর ধারা ১৯ এর দফা ২ এর উপ-দফা ১ (খ) অনুযায়ী এই নীতিমালা প্রণয়ন এবং কর্তৃপক্ষের আদেশ দানের তারিখ হইতে কার্যকর হইবে।

০২। **লক্ষ্য ও উদ্দেশ্য**

আন্তর্জাতিক ও জাতীয় পর্যায়ে উচ্চ শিক্ষা, গবেষণা, জ্ঞান চর্চা,পঠন-পাঠদানের সুযোগ সৃষ্টি, উন্নয়ন ও সম্প্রসারণের লক্ষ্যে অনুচ্ছেদ ১(ক) এ উল্লেখিত কমিটির কাজের গতিশীলতা বৃদ্ধি, সমুন্নত রাখা ও বিধি সম্মত পরামর্শ প্রদানের জন্য এই নীতিমালা প্রণীত।

০৩। **সংজ্ঞা**

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে এই নীতিমালায়-

(ক) 'অর্থ কমিটি' অর্থ আইনের ধারা ২৮ অনুযায়ী গঠিত অর্থ কমিটি;

(খ) 'অনুচ্ছেদ' অর্থ বিশ্ববিদ্যালয়ের নীতিমালার কোন অনুচ্ছেদ বুঝাইবে;

(গ) 'আইন' অর্থ জগন্নাথ বিশ্ববিদ্যালয় আইন, ২০০৫ (প্রযোজ্য আইন ও সংশোধনীসহ) বুঝাইবে;

(ঘ) 'কর্তৃপক্ষ' অর্থ আইনের ধারা ১৬ তে উল্লিখিত কর্তৃপক্ষ;

(ঙ) 'কর্মকর্তা' অর্থ আইনের ধারা ২(৬) অনুযায়ী কর্মকর্তা;

(চ) 'কমিটি' অর্থ প্রস্তাবিত কমিটি যাহা জগন্নাথ বিশ্ববিদ্যালয় আইন-২০০৫এর অনুচ্ছেদ ১৬ এ উল্লেখিত কমিটি, সিন্ডিকেট কর্তৃক অনুমোদিত কমিটি এবং বিশ্ববিদ্যালয়ের স্বার্থে সরকার কর্তৃক নির্দেশিত কমিটি;

(ছ) 'কর্মচারী' অর্থ শিক্ষক ও কর্মকর্তা ব্যতীত বিশ্ববিদ্যালয়ের আইনের ধারা ২(৭) অনুযায়ী অন্যান্য সকল শ্রেণীর কর্মচারীকে বুঝাইবে।

(জ) 'ট্রেজারার' অর্থ আইনের ধারা ৮(গ) অনুযায়ী ট্রেজারার;

(ঝ) 'শিক্ষক' অর্থ আইনের ধারা ২(৩০) অনুযায়ী অধ্যাপক, সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক বা প্রভাষক ও বিশ্ববিদ্যালয় কর্তৃক শিক্ষক হিসেবে স্বীকৃত অন্য কোন ব্যক্তি;

(ঞ) 'নীতিমালা' অর্থ আইনের ধারা ১৯ এর দফা ২ এর উপ-দফা ১ (খ) এর অধীন প্রণীত নীতিমালা বুঝাইবে;

(ট) 'বাছাই বোর্ড' অর্থ আইনের ৩১ ধারায় নিয়োগ সংক্রান্ত বাছাই বোর্ড;

(ঠ) 'বহিঃ সদস্য' অর্থ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে কর্মরত নয় এ রকম ব্যক্তি বা প্রতিষ্ঠান বুঝাইবে;

(ড) 'বিশেষজ্ঞ সদস্য; অর্থ যে কাজের জন্য অনুচ্ছেদ ১(ক) বর্ণিত কমিটি গঠন করা হইবে ঐ বিষয়ে দক্ষ ও প্রায়োগিক জ্ঞানের অধিকারী;

Registrar Office
Jagannath University
Dhaka-1100, Bangladesh
Tel : (+880-2) 9534255
Fax : (+880-2) 47118449
E-mail: registrar@jnu.ac.bd

রেজিস্ট্রার দপ্তর
জগন্নাথ বিশ্ববিদ্যালয়
ঢাকা-১১০০, বাংলাদেশ
ফোন : (৮৮০-২) ৯৫৩৪২৫৫
ফ্যাক্স : (৮৮০-২) ৪৭১১৮৪৪৯
ই-মেইল: registrar@jnu.ac.bd

(ঢ) 'বিশ্ববিদ্যালয়' অর্থ আইনের ধারা ৩-এর অধীন স্থাপিত জগন্নাথ বিশ্ববিদ্যালয়;
(ণ) বিধি, সংবিধি' অর্থ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বিধি, সংবিধি বুঝাইবে;
(ত) 'ভাইস-চ্যান্সেলর' অর্থ আইনের ধারা ৮(খ) অনুযায়ী ভাইস-চ্যান্সেলর;
(থ) 'সরকার' অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বুঝাইবে;
(দ) 'সভার ভাতা' বলিতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের জন্য শিরোনামের 'খ' এর উল্লেখিত ধারা ও উপ-ধারা অনুযায়ী অত্র নীতিমালার ১(ক) এ উল্লিখিত কমিটির জন্য প্রযোজ্য সভায় উপস্থিতি ভাতা বুঝাইবে; এবং
(ধ) 'সিন্ডিকেট' অর্থ আইনের ধারা ১৭ অনুযায়ী গঠিত সিন্ডিকেট;

০৪। **সভার ভাতা প্রাপ্তির যোগ্যতা, অযোগ্যতা, প্রাপ্যতা, সীমাবদ্ধতা ও প্রাপ্যতার হার**

(ক) জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের স্বার্থে আইন, বিধি, সংবিধি, সরকার কর্তৃক নির্দেশিত ও সিন্ডিকেট কর্তৃক অনুমোদিত কমিটির সদস্য এই ভাতা প্রাপ্য হইবে।
(খ) এই ভাতা প্রাপ্তির জন্য সংশ্লিষ্ট সদস্যকে অবশ্যই সরাসরি/বিশেষ ক্ষেত্রে অনলাইনের মাধ্যমে উপস্থিত থাকিতে হইবে।
(গ) উপস্থিত বহিঃ সদস্য সভার ভাতাসহ যাতায়াত ভাতা প্রাপ্য হইবে। যাতায়াত ভাতা বিল অবশ্যই নিজ স্বাক্ষরসহ পূরণ করিতে হইবে।
(ঘ) জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন কমিটিতে উপস্থিত হইবার জন্য অভ্যন্তরীণ সদস্য, বহিঃসদস্য ও সভার সহায়তাকারী কর্মকর্তা কর্মচারীদের সভার ভাতা নিম্নরূপ হইবে

ক্রম.	পর্ষদ/বোর্ড/কমিটির নাম	অবস্থান	বিদ্যমান হার (টাকা)	পুন:নির্ধারিত হার (টাকা)
ক.	সিন্ডিকেট	চেয়ারম্যান/সভাপতি	৬,৬৭৮/-	৮,৫০০/-
		সদস্য/সচিব	৫,৫৬৭/-	৭,৫০০/-
খ.	একাডেমিক কাউন্সিল	বহিঃ সদস্য	৫,৫৬৭/-	৭,৫০০/-
গ.	বোর্ড অব এডভান্সড স্টাডি এন্ড রিসার্চ (বহিঃসদস্য)	বহিঃ সদস্য	৫,৫৬৭/-	৭,৫০০/-
ঘ.	অর্থ কমিটি	চেয়ারম্যান/সভাপতি	৫,৫৬৭/-	৭,৫০০/-
		সদস্য/সদস্য-সচিব	৪,৪৫৬/-	৫,৫০০/-
ঙ.	ওয়ার্কস কমিটি	চেয়ারম্যান/সভাপতি	৫,৫৬৭/-	৭,৫০০/-
		সদস্য/সদস্য-সচিব	৪,৪৫৬/-	৫,৫০০/-
চ.	বাছাই বোর্ড (নিয়োগ)	চেয়ারম্যান/সভাপতি	৫,৫৬৭/-	৭,৫০০/-
		সদস্য/সচিব	৪,৪৫৬/-	৫,৫০০/-
ছ.	দরপত্র মূল্যায়ন কমিটি	চেয়ারম্যান/সভাপতি	PPR অনুযায়ী সম্মানী প্রাপ্য হইবে	PPR অনুযায়ী সম্মানী প্রাপ্য হইবে
		সদস্য/সচিব/সদস্য-সচিব		
জ.	বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন উন্নয়ন খাতের প্রকল্প প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ কমিটি সিন্ডিকেট কর্তৃক অনুমোদিত	সভাপতি/বহিঃ বিশেষজ্ঞ সদস্য	০০০	৫,০০০/-
		সদস্য/সদস্য সচিব	০০০	৪,০০০/-
ঝ.	সিন্ডিকেট কর্তৃক গঠিত বোর্ড/কমিটি ও বিশ্ববিদ্যালয়ের স্বার্থে সরকার কর্তৃক নির্দেশিত কমিটি	সভাপতি	২,২৩৩/-	৫,০০০/-
		সদস্য/সদস্য সচিব	২,২৩৩/-	৪,৫০০/-
ঞ.	স্থায়ী কমিটি (Standing committee) সিন্ডিকেট কর্তৃক অনুমোদিত	সভাপতি	১০,০০০/- (বাৎসরিক)	১৫,০০০/- (বাৎসরিক)
		সদস্য/সদস্য সচিব	৮,০০০/- (বাৎসরিক)	১২,০০০/- (বাৎসরিক)
ট.	টেন্ডার Opening কমিটিসহ PPR এ বর্ণিত অন্যান্য কমিটির সদস্যগণ সর্বশেষ বিজ্ঞাপিত PPR অনুযায়ী সম্মানী প্রাপ্য হইবে।			
ঠ.	বাছাই বোর্ড (নিয়োগ) এর সহায়তাকারী কর্মকর্তা ও কর্মচারী	রেজিস্ট্রার	১,৬৭৮/-	২,২৫০/-
		সংশ্লিষ্ট কর্মকর্তা সর্বোচ্চ ০৫ (পাঁচ) জন।	১,১২২/-	১,৭৫০/-
		সংশ্লিস্ট কর্মচারী সর্বোচ্চ ০১ (এক) জন ও সহায়ক-কর্মচারী সর্বোচ্চ ০২ (দুই) জন।	৩য় শ্রেণী-৫৬৭/- ৪র্থ শ্রেণী-৪৫৬/-	৩য় শ্রেণী-১,০০০/- ৪র্থ শ্রেণী -৭০০/-

Jagannath University
Dhaka-1100, Bangladesh
Tel : (+880-2) 9534255
Fax : (+880-2) 47118449
E-mail: registrar@jnu.ac.bd

জগন্নাথ বিশ্ববিদ্যালয়
ঢাকা-১১০০, বাংলাদেশ
ফোন : (৮৮০-২) ৯৫৩৪২৫৫
ফ্যাক্স : (৮৮০-২) ৪৭১১৮৪৪৯
ই-মেইল: registrar@jnu.ac.bd

ড.	সিন্ডিকেট, একাডেমিক কাউন্সিল, অর্থ কমিটি ও ওয়ার্কস কমিটি -এর সহায়তাকারী কর্মকর্তা ও কর্মচারী	কর্মকর্তা সর্বোচ্চ ০৫ (পাঁচ) জন	১,১২২/-	১,৭৫০/-
		কর্মচারী সর্বোচ্চ ০২ (দুই) জন ও সহায়ক কর্মচারী সর্বোচ্চ ০২ (দুই) জন।	৩য় শ্রেণী-৫৬৭/- ৪র্থ শ্রেণী-৪৫৬/-	৩য় শ্রেণী-১,০০০/- ৪র্থ শ্রেণী -৭০০/-
চ.	সিন্ডিকেট কর্তৃক অনুমোদিত বোর্ড/কমিটির সহায়তাকারী কর্মকর্তা ও কর্মচারী	কর্মকর্তা: ০১ জন (যদি শিক্ষক সদস্য-সচিব হয়), সভাপতির দপ্তরের ০১ জন, শৃঙ্খলা বোর্ডের জন্য প্রক্টর অফিসের ০১ জন ও শৃঙ্খলা বোর্ডের জন্য পরীক্ষা নিয়ন্ত্রক অফিসের ০১ জন কর্মকর্তা সহায়তকারী হইবে।	১,১২২/-	১,৭৫০/-
		সদস্য-সচিব/সচিব এর দপ্তরের কর্মচারী ০১ জন ও সহায়ক কর্মচারী ০১ জন এবং সভাপতির দপ্তরের কর্মচারী ০১ জন ও সহায়ক কর্মচারী ০১ জন।	৩য় শ্রেণী-৫৬৭/- ৪র্থ শ্রেণী-৪৫৬/-	৩য় শ্রেণী-১,০০০/- ৪র্থ শ্রেণী -৭০০/-

* বিশ্ববিদ্যালয়ের স্বার্থে অথবা সরকারী নির্দেশনায় এই নির্ধারিত সভার ভাতা যথাযথ প্রক্রিয়ায় পরিবর্তন করা যাইবে।

(ঙ) বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত ৪ (ঘ) এর সকল কমিটির সভায় উপস্থিত সদস্য সভার ভাতা প্রাপ্য হইবে। কোন কারণে সভা না হইলে বহি:সদস্য টিএ/ডিএ প্রাপ্য হইবে।

(চ) কমিটির সহায়তাকারী কর্মকর্তা কর্মচারী অবশ্যই বিশ্ববিদ্যালয়ের নিয়োগ প্রাপ্ত কর্মকর্তা কর্মচারী হইতে হইবে।

(ছ) সরকারী বা অন্য কোন প্রতিষ্ঠানে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক কর্মকর্তা সদস্য, বিশেষজ্ঞ বা বিশেষজ্ঞ সদস্য হিসেবে কাজ করলে এই বিশ্ববিদ্যালয় হইতে সভার ভাতা, পারিশ্রমিক বা টিএ/ডিএ বাবদ কোন প্রকার আর্থিক সুবিধা প্রাপ্য হইবে না।

(জ) বিশ্ববিদ্যালয়ের স্বার্থে বহি:বিশ্বের বহি:সদস্য সরাসরি বা অনলাইনে সভায় উপস্থিত হইলে অনুচ্ছেদ ৪(ঘ) এর ছকের নির্ধারিত সভার ভাতা প্রাপ্য হইবে।

ঝ) মুলতবী সভায় সভার ভাতা প্রাপ্য হইবে না। তবে বহি: সদস্য যাতায়াত ভাতা প্রাপ্য হইবে।

(ঞ) পরবর্তী সময়ে তলবি সভা অনুষ্ঠিত হইলে সভার ভাতা ও বহিঃ সদস্য যাতায়াত ভাতা প্রাপ্য হইবে। যাতায়াত ভাতা বিলে সংশ্লিষ্ট কমিটির উপস্থিত যে কোন সদস্যের প্রত্যয়ন স্বাক্ষর গ্রহণ করিতে হইবে।

(ট) এই নীতিমালার বাহিরে নীতিমালার বিষয়ে নতুন কিছু উদ্ভব হইলে ভাইস-চ্যান্সেলর-এর সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হইবে। তবে প্রয়োজনে ভাইস-চ্যান্সেলর নীতিমালা প্রণয়ন কমিটিতে মতামত/সুপারিশ প্রদানের জন্য প্রেরণ করিতে পারিবে।

০৫। **রহিত করণ ও হেফাজত করণ**

উক্ত নীতিমালা কার্যকর হওয়ার পর পূর্বের এতদসংক্রান্ত যাবতীয় বিধি আদেশ ও নির্দেশের বিদ্যমান সভার ভাতার হার রহিত হিসেবে গণ্য হইবে এবং সংশ্লিষ্ট নীতিমালার কোন অনুচ্ছেদ সংযোজন, বিয়োজন, পরিবর্তন, পরিবর্ধন সংরক্ষণ করা হইবে।

- **উক্ত নীতিমালা সিন্ডিকেট কর্তৃক অনুমোদনের তারিখ হতে কার্যকর হইবে।**

15/11/26

(অধ্যাপক ড. মোঃ শেখ গিয়াস উদ্দিন)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

৩/৪

Registrar Office
Jagannath University
Dhaka-1100, Bangladesh
Tel : (+880-2) 9534255
Fax : (+880-2) 47118449
E-mail: registrar@jnu.ac.bd

রেজিস্ট্রার দপ্তর
জগন্নাথ বিশ্ববিদ্যালয়
ঢাকা-১১০০, বাংলাদেশ
ফোন : (৮৮০-২) ৯৫৩৪২৫৫
ফ্যাক্স : (৮৮০-২) ৪৭১১৮৪৪৯
ই-মেইল: **registrar@jnu.ac.bd**

জবি/প্রশা-৩২(১১৮)/২০১১/১৪৪১

তারিখ: ৩০শে কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
১৫ই নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১-৭. ডীন, সকল অনুষদ, জবি;
৮-৯. পরিচালক, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট/আধুনিক ভাষা ইনস্টিটিউট, জবি;
১০-৪৭. চেয়ারম্যান, সকল বিভাগ, জবি;
৪৮. গ্রন্থাগারিক, কেন্দ্রীয় গ্রন্থাগার, জবি;
৪৯-৫০. প্রভোস্ট (নওয়াব ফয়জুন্নেসা চৌধুরানী হল/ছাত্র হল-১), জবি;
৫১. প্রক্টর, জবি;
৫২-৫৯. পরিচালক (গবেষণা/ছাত্র কল্যাণ/অর্থ ও হিসাব/পউও/আইসিটি সেল ('জগন্নাথ বিশ্ববিদ্যালয় যৌন হয়রানি ও নিপীড়ন নিরোধ নীতিমালা-২০২৬' পরিশিষ্ট ০৬ ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)/ পিআরআইপি/IQAC/বহিরাঙ্গণ কার্যক্রম), জবি;
৬০. পরীক্ষা নিয়ন্ত্রক, জবি;
৬১. ডরমিটরী প্রশাসক, জবি;
৬২. প্রধান প্রকৌশলী, প্রকৌশল দপ্তর, জবি;
৬৩. পরিবহন প্রশাসক, পরিবহন পুল, জবি;
৬৪. প্রকল্প পরিচালক, 'জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নতুন ক্যাম্পাস স্থাপন: ভূমি অধিগ্রহণ ও উন্নয়ন' শীর্ষক প্রকল্প, জবি;
৬৫. ডেপুটি রেজিস্ট্রার (নিরাপত্তায় দায়িত্বরত কর্মকর্তা), নিরাপত্তা শাখা, রেজিস্ট্রার দপ্তর, জবি;
৬৬. উপ-পরিচালক (অডিট), অডিট সেল, জবি;
৬৭. উপ-প্রধান চিকিৎসা কর্মকর্তা, মেডিকেল সেন্টার, জবি;
৬৮. উপ-পরিচালক (শারীরিক শিক্ষা), শরীরচর্চা শিক্ষা কেন্দ্র, জবি;
৬৯. ডেপুটি রেজিস্ট্রার ও পিএস টু ভিসি, উপাচার্য দপ্তর, জবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য);
৭০. ডেপুটি রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, জবি (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য);
৭১. ডেপুটি রেজিস্ট্রার, ব্যক্তিগত শাখা, রেজিস্ট্রার দপ্তর, জবি;
৭২-৭৪. নোটিশ বোর্ড/অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

১৫/১১/২০২৬

(মোহাম্মদ মশিরুল ইসলাম)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন-১)